রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ১৪, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/ ১৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.৮৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**জাতীয় পরিবেশ ও জলবায়ু পরিবর্তন কমিটির নির্বাহী কমিটি**' নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | সচিব, বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| (৮) | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| (১০) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |

| | | |
|---|---|---|
| (১১) | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (১৩) | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| (১৪) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (১৫) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| (১৬) | সদস্য (সাধারণ অর্থনীতি বিভাগ), পরিকল্পনা কমিশন | সদস্য |
| (১৭) | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) | সদস্য |
| (১৮) | প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর | সদস্য |
| (১৯) | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| (২০) | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সদস্য |
| (২১) | নির্বাহী পরিচালক, সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস) | সদস্য |
| (২২) | সভাপতি, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি | সদস্য |
| (২৩) | পরিবেশ বিষয়ে বিশেষজ্ঞ সিভিল সোসাইটির একজন প্রতিনিধি (পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| (২৪) | জলবায়ু পরিবর্তন বিষয়ে বিশেষজ্ঞ সিভিল সোসাইটির একজন প্রতিনিধি (পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| (২৫) | অতিরিক্ত সচিব (পরিবেশ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য-সচিব |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি:**

(১) অনুমোদিত জাতীয় পরিবেশ নীতি বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক বাস্তবায়ন ব্যবস্থাদির পর্যালোচনা ও পরিবীক্ষণ;

(২) অনুমোদিত জাতীয় পরিবেশ নীতি বাস্তবায়ন কার্যক্রমের বিশ্লেষণ এবং পরিবর্তিত প্রেক্ষাপটে সংশোধন সম্পর্কে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(৩) পরিবেশ ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিভিন্ন আন্তঃমন্ত্রণালয় সমস্যা দূরীকরণে প্রাথমিক পদক্ষেপ গ্রহণ ও প্রয়োজনে তা জাতীয় পরিবেশ ও জলবায়ু পরিবর্তন কমিটিতে উপস্থাপন;

(৪) জাতীয় পরিবেশ ও জলবায়ু পরিবর্তন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও পরিবীক্ষণ; এবং

(৫) পরিবেশ ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত গুরুত্বপূর্ণ অন্যান্য বিষয়।

(গ) কমিটির উপর অর্পিত দায়িত্ব পালনের সুবিধার্থে স্বতন্ত্র কারিগরি প্যানেল গঠনপূর্বক সংশ্লিষ্ট বিষয়ে প্যানেলের মতামত বিবেচনা করতে পারবে।

(ঘ) কমিটি বছরে ন্যূনতম ০২ (দুই) বার সভায় মিলিত হবে।

(ঙ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(চ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৬১১. ০৬.০০১.১৯. ৫১ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ আশরাফুজ্জামান ভূঁইয়া)
উপসচিব (কমিটি)
ফোন: ৯৫১১০৮১
e-mail: ca_sec@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd